দৈনিক ইনকিলাব
23 JUN 2008

### এমপিওভুক্তির দাবী আদায়ে কর্মসূচী ঘোষণা

# স্বীকৃতিপ্রাপ্ত ৮ হাজার শিক্ষা প্রতিষ্ঠান এক দশকেও এমপিওভুক্তি হয়নি

স্টাফ রিপোর্টার

সরকারের একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত ৮ হাজার স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি স্কুল ও কলেজের প্রায় ১ লাখ শিক্ষক-কর্মচারী গত ৮/১০ বছর যাবৎ এমপিওভুক্ত হয়ে সরকারী বেতন থেকে বঞ্চিত রয়েছেন। এসব শিক্ষা প্রতিষ্ঠান সরকারের নীতিমালা অনুসরণ করে দক্ষতা প্রদর্শন করেই সরকারী একাডেমীক স্বীকৃতি লাভ করেছে। এর পরও বছরের পর বছর অতিক্রান্ত হলেও সরকার এসব প্রতিষ্ঠানকে এমপিওভুক্তি না করায় সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যসহ ৫ লাখের বেশী মানুষ অর্থাভাবে মানবেতর জীবন যাপন করছে। এ পরিস্থিতিতে নন-এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী ঐক্যপরিষদ এমপিওভুক্তির দাবীতে নিম্নের কর্মসূচী ঘোষণা করেছে। আগামী ২৫ জুন বেলা ১১-১২ ঘটিকা পর্যন্ত সকল জেলা সদরে শূন্য থালাবাটি হাতে অবস্থান মানববন্ধন

পৃঃ ২ঃ কঃ ৭

## স্বীকৃতিপ্রাপ্ত ৮ হাজার শিক্ষা

১২-এর পৃষ্ঠার পর

কর্মসূচী পালন। ২৫ জুন দুপুর ২ ঘটিকায় মাননীয় প্রধান উপদেষ্টা, অর্থ উপদেষ্টা ও শিক্ষা উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান। ২৬ জুন কালো ব্যাজ ধারণ করে পাঠ দান। উক্ত সময়ের মধ্যে দাবী আদায় না হলে আরও কঠোর আন্দোলন গড়ে তোলা হবে।